গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১১.২০৯.২১-৯২

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮ / ১৩ জুন ২০২১

বিষয়: ব্যাংকেরহাট কো-অপারেটিভ হাইস্কুল, ভোলা এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাবের বিপরীতে মন্ত্রণালয়ের মতামত ও নির্দেশনা।

সূত্র: (১) ৩৭.০২.০০০০.১০৭.০১.৪২৭.২০১৮-৪৫; তারিখ: ১৯/০৫/২০২১ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ১৮/০৫/২০১৭ খ্রি. ভোলা জেলার ভোলা সদর উপজেলাধীন ব্যাংকেরহাট কো- অপারেটিভ হাইস্কুলটি পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে যে সকল সুপারিশ/মন্তব্য করা হয়েছে তার মধ্যে নিম্নবর্ণিত মন্তব্য/সুপারিশসমূহ তুলনামূলকভাবে অধিক গুরুত্বপূর্ণ প্রতীয়মান হয়েছে:

ক. বিগত পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সহকারী শিক্ষক জনাব সৈয়দ মনোয়ার হোসেন কর্তৃক অতিরিক্ত গৃহীত ৫০,৬৪০/- টাকা, সহকারী শিক্ষক জনাব মো: নাসির উদ্দিন কর্তৃক অতিরিক্ত গৃহীত ৮,৫২৫/- টাকা এবং সহকারী শিক্ষক জনাব সাহিদা পারভীন কর্তৃক অতিরিক্ত গৃহীত ১০,৮৪১/৭৫/- টাকা অবিলম্বে সরকারি কোষাগারে ফেরত প্রদান করতে হবে;

খ. বিগত পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সহকারী শিক্ষক জনাব রওশন আরা কর্তৃক অতিরিক্ত গৃহীত ১৬,৯৪০/- টাকা এবং সহকারী শিক্ষক জনাব মো: আবু আবদুল্লাহ কর্তৃক অতিরিক্ত গৃহীত ৮,৫২৫/- টাকা সরকারি কোষাগারে ফেরত প্রদান করায় অতিরিক্ত গৃহীত অর্থ সংক্রান্ত অভিযোগ হতে নিষ্পত্তি প্রদান করা হল;

গ. স্টক রেজিস্টার, ফাইল রেজিস্টার, ছুটি রেজিস্ট্রার, নিয়োগ রেজিস্টার, ডেসপাচ রেজিস্টার, চেক রেজিস্টার, ডিমান্ড রেজিস্ট্রার ও সাবসিডিয়ারী রেজিস্টারসমূহ চালু করে যথাযথভাবে পরিচালনা ও সংরক্ষণ করতে হবে;

ঘ. ক্রয় কমিটি গঠন করে কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানের যে কোন ক্রয় সম্পন্ন করতে হবে;

ঙ. সকল আয়-ব্যয় কমিটির অনুমোদন সাপেক্ষে করতে হবে;

চ. প্রযোজ্য সকল ক্ষেত্রে স্পট কোটেশন ও ট্রেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন করতে হবে;

ছ. প্রতিষ্ঠানের সকল আর্থিক লেনদেন সব ক্ষেত্রে ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে;

জ. ব্যয়ের ভাউচার সমূহ কমিটির অনুমোদন সাপেক্ষে যথাযথভাবে গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে;

ঝ. প্রতিষ্ঠান প্রধানকে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে নিয়মিত ক্যাশ বহিতে অনুস্বাক্ষর করে আপ-টু-ডেট হিসাব সংরক্ষণ করতে হবে;

ঞ. প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করতে হবে;

ট. বছরের শুরুতে সম্ভাব্য আয়-ব্যয়ের উপর ভিত্তি করে বাজেট প্রণয়ন করতে হবে এবং বাজেট অনুয়ায়ী আয়-ব্যয় নির্বাহ করতে হবে;

ঠ. প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট কর্তন করতে হবে এবং আয়কর রিটার্ণ জমা দানের মধ্যে আয়কর পরিশোধ করতে হবে;

ড. শ্রেণির অপেক্ষাকৃত দূর্বল শিক্ষার্থী চিহ্নিত করে তাদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে

ঢ. শ্রেণি কক্ষে শিক্ষকদের পাঠদান প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে এবং বিষয় শিক্ষক কর্তৃক প্রণিত প্রশ্নের মাধ্যমে অভ্যন্তরীণ পরীক্ষা নিতে হবে;

ণ. প্রতিষ্ঠানটিতে স্টক টেকিং পদ্ধতি চালু করতে হবে;

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়সমূহে কার্যকর ও যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিটি বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে সুনির্দিষ্ট ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৩/৬/২০২১

(মোহা: লিয়াকত আলী)
উপসচিব
ফোন: ৯৫৪৬১০৭

প্রধান শিক্ষক
ব্যাংকেরহাট কো-অপারেটিভ হাইস্কুল, ভোলা সদর, ভোলা

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল
৫। জেলা শিক্ষা অফিসার, ভোলা
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভোলা সদর, ভোলা
৭। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৮। অফিস কপি।